যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর ৭৪০৮, বাংলাদেশ

স্মারক নং-যবিপ্রবি/ ১৩৮৩/ ছাত্র-ছাত্রী ভর্তি (২০১৮-২০১৯) সংক্রান্ত/২০১৮-২৬৫৯ তারিখ: ১৫/০৯/২০১৮ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি ২০১৮

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে স্নাতক ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

১। বিভিন্ন বিষয়ে স্নাতক প্রোগ্রামের মেয়াদ:

- ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (ইঞ্জি./সম্মান);
- ০৫ (পাঁচ) বছর মেয়াদি বি ফার্ম (প্রফেশনাল);
- ০৫ বছর মেয়াদি ফিজিক্যাল মেডিসিন, ফিজিওথেরাপি অ্যান্ড রিহ্যাবিলিটেশন (প্রফেশনাল)।

২। আবেদন করার যোগ্যতা ও শর্তাবলি:

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। তবে বিদেশি/অনাবাসিক বাংলাদেশি (NRB) শিক্ষার্থীরাও আবেদন করতে পারবেন;

(খ) সকল আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.just.edu.bd-এর Admission Link- এ প্রদত্ত তথ্য অনুযায়ী আবেদন করতে হবে;

(গ) A, B ও C ইউনিটের জন্য ২০১৭ ও ২০১৮ সালে বিজ্ঞান/কৃষিবিজ্ঞান থেকে এইচএসসি/আলিম/'এ' লেভেল/সরকার অনুমোদিত ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। D, E ও F ইউনিটের জন্য ২০১৭ ও ২০১৮ সালে বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/মানবিক/কৃষিবিজ্ঞান বিভাগের এইচএসসি/সরকার অনুমোদিত ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন;

(ঘ) ২০১৭ ও ২০১৮ সালে সরকার অনুমোদিত ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা উত্তীর্ণ শিক্ষার্থীর মোট জিপিএ ৭.০০সহ সংশ্লিষ্ট বিষয়ে B গ্রেড থাকলে (৪.০ পয়েন্ট স্কেলে ৩.০), D ইউনিট ব্যতীত সকল ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবেন;

(ঙ) সকল ইউনিটের জন্য 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে ন্যূনতম 'বি' গ্রেড পেতে হবে;

(চ) ০৬টি ইউনিটের অত্যাবশ্যকীয় শর্তাবলি এবং পরীক্ষার ফি নিম্নরূপ:

ইউনিট	অনুষদ, বিভাগ ও আসন সংখ্যা	ন্যূনতম জিপিএ ও অত্যাবশ্যকীয় শর্তাবলি	পরীক্ষার ফি
A ইউনিট বিভাগ: ০৮টি আসন: ২৭০টি	প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ ১। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (৫০) ২। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (৪০) ৩। ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (৪০) ৪। পেট্রোলিয়াম অ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (৩৫) ৫। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (৩৫) ৬। বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (৩০) ৭। টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (২০) ৮। লেদার টেকনোলজি (২০)*	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ পৃথকভাবে ৩.৫০সহ মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। এই ইউনিটের সকল বিভাগের ক্ষেত্রে এইচএসসি পর্যায়ে গণিতে ন্যূনতম 'A-' (এ মাইনাস) গ্রেড থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় গণিতে ২৫-এর মধ্যে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে।	৯০০.০০ টাকা
B ইউনিট বিভাগ: ০৫টি আসন: ১৮০টি	জীববিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ ১। মাইক্রোবায়োলজি (৪০) ২। ফিশারীজ অ্যান্ড মেরিন বায়োসায়েন্স (৪০) ৩। জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি (৪০) ৪। ফার্মেসী (৪০) স্বাস্থ্যবিজ্ঞান অনুষদ ৫। ফিজিক্যাল মেডিসিন, ফিজিওথেরাপি অ্যান্ড রিহ্যাবিলিটেশন (২০)*	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০সহ মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান ও রসায়নে ন্যূনতম 'A-' (এ মাইনাস) গ্রেড থাকতে হবে। ফার্মেসী বিভাগের ক্ষেত্রে এইচএসসি বা সমমান পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে আলাদাভাবে ন্যূনতম'A-' (এ মাইনাস) এবং গণিতে ন্যূনতম 'C' (সি) গ্রেড থাকতে হবে। মাইক্রোবায়োলজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি বা সমমান পরীক্ষায় রসায়ন, জীববিজ্ঞান ও ইংরেজিতে আলাদাভাবে ন্যূনতম 'A-' (এ মাইনাস) গ্রেড থাকতে হবে এবং রসায়ন ও জীববিজ্ঞানে ভর্তি পরীক্ষায় ২৫-এর মধ্যে আলাদাভাবে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে। জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগে ভর্তির ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় অবশ্যই গণিতে পাস করতে হবে। ফিজিক্যাল মেডিসিন, ফিজিওথেরাপি অ্যান্ড রিহ্যাবিলিটেশন বিভাগে ভর্তির ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় অবশ্যই পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞানে আলাদাভাবে ন্যূনতম 'A-' (এ মাইনাস) গ্রেড থাকতে হবে।	৮০০.০০ টাকা
C ইউনিট বিভাগ: ০৬টি আসন: ২৩৫টি	ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ ১। এনভাইরনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি (৪৫) ২। নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি (৪০) ৩। এগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি (৩০) বিজ্ঞান অনুষদ ৪। ফিজিক্স (৪৫) ৫। কেমিস্ট্রি (৩০) ৬। ম্যাথম্যাটিক্স (৪৫)	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০সহ মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। এনভাইরনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং এগ্রো প্রোডাক্ট প্রসেসিং টেকনোলজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান ও গণিত বিষয়ে আলাদাভাবে পাস নম্বর থাকতে হবে। নিউট্রিশন অ্যান্ড ফুড টেকনোলজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে পাস করতে হবে। কেমিস্ট্রি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় গণিত এবং রসায়নে ন্যূনতম 'B' (বি) গ্রেড থাকতে হবে। ফিজিক্স বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় ফিজিক্স বিষয়ে ন্যূনতম 'B' (বি) গ্রেড থাকতে হবে। ম্যাথম্যাটিক্স বিভাগে ভর্তির ক্ষেত্রে	৮০০.০০ টাকা

		এইচএসসি/সমমান পরীক্ষায় গণিতে অবশ্যই 'B' (বি) গ্রেড থাকতে হবে। গণিত বিষয়ে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে প্রশ্নোত্তর করতে হবে। এই ইউনিটের অন্য সকল বিভাগের জন্য গণিত অথবা জীববিজ্ঞান - যে কোন একটি বিষয়ে প্রশ্নোত্তর করতে হবে।	
D ইউনিট বিভাগ: ০২টি আসন: ৬০টি	কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ ১। ইংরেজি (৪০) ২। বাংলা (২০)*	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ থাকতে হবে। ইংরেজি বিভাগের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে ন্যুনতম 'A-' (এ মাইনাস) গ্রেড থাকতে হবে এবং ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে।	৬০০.০০ টাকা
E ইউনিট বিভাগ: ০১টি আসন: ৩০টি	স্বাস্থ্যবিজ্ঞান অনুষদ ১। ফিজিক্যাল এজুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্স (৩০) (খেলোয়াড় কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে মেধা তালিকা থেকে শূণ্য আসন পূরণ করা হবে)।	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০সহ সর্বমোট জিপিএ ৬.৫০ থাকতে হবে। জাতীয় দলের/জাতীয় পদকপ্রাপ্ত/জাতীয় ও বয়সভিত্তিক খেলাধুলায় পদকপ্রাপ্ত খেলোয়াড়দের ভর্তির ক্ষেত্রে ৫০% আসন সংরক্ষিত থাকবে এবং তাদেরকে ভর্তি পরিক্ষায় ন্যূনতম ৩০% নম্বর পেতে হবে। অন্যান্যদের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অবশ্যই ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।	৬০০.০০ টাকা
F ইউনিট বিভাগ: ০৪টি আসন : ১৪০টি	ব্যবসায় শিক্ষা অনুষদ ১। অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম্স (৫০) ২। ম্যানেজমেন্ট (৩৫) ৩। ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং (৩৫) ৪। মার্কেটিং (২০)* আসন বন্টন: এইচএসসি পর্যায়ের ব্যবসায় শিক্ষা বিভাগের ক্ষেত্রে ৮০%, বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে ১২% এবং মানবিক বিভাগের ক্ষেত্রে ৮% আসন সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, বিজ্ঞান ও মানবিক বিভাগ থেকে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে সে আসন পূরণ করা হবে।	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় আলাদাভাবে চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ 'A-' (এ মাইনাস)সহ মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। বি. দ্র.: সকল বিভাগের ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় ইংরেজিতে ৩০-এর মধ্যে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে।	৭০০.০০ টাকা

উপর্যুক্ত আসন ছাড়াও মুক্তিযোদ্ধা (FFQ), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (EMQ), প্রতিবন্ধী (DQ) এবং পোষ্য কোটা (WQ) (যবিপ্রবিতে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্য) সংরক্ষিত থাকবে।

৩। আবেদন করার নিয়মাবলি:

(ক) আবেদনের সময়: ২০/০৯/২০১৮ খ্রি. দুপুর ১২:০০ টা হতে ১৯/১০/২০১৮ খ্রি. রাত ১১:৫৯ টা পর্যন্ত;

(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে উত্তীর্ণ শিক্ষার্থীদের আবেদনের জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে:

- ❖ ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি http://just.bigmsoft.com-লিঙ্ক- এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে Submit করতে হবে। Submit করা শেষে একটি APPLICATION ID নম্বর প্রদান করা হবে এবং পরবর্তীতে এই APPLICATION ID নম্বরের অনুকূলে রকেট মোবাইল ব্যাংকিং- এর মাধ্যমে ভর্তি পরীক্ষা বাবদ নির্ধারিত ফি জমা দিতে হবে;
- ❖ APPLICATION ID No. সম্বলিত ডকুমেন্টটি প্রিন্ট করে রাখতে হবে। আবেদন ফি (টাকা) জমা দেওয়া ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহের জন্য এ APPLICATION ID No. প্রয়োজন হবে;
- ❖ প্রবেশ পত্র ৩০- ১০- ২০১৮ খ্রি. তারিখের পরে APPLICATION ID No. ব্যবহার করে ওয়েবসাইট থেকে প্রিন্ট করতে হবে;
- ❖ ভর্তি পরীক্ষার সময় প্রবেশপত্র অবশ্যই সাথে থাকতে হবে।

ফটো আপলোড নির্দেশাবলি:

- ❖ সদ্য তোলা jpg ফরম্যাটের একটি স্পষ্ট পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সাইজ ২০০KB-এর বেশী নয়) আপলোড করতে হবে;
- ❖ ছবির পেছনে এক রঙের হালকা ব্যাকগ্রাউন্ড থাকবে; ব্যাকগ্রাউন্ডে কোন গাছপালা, প্রাকৃতিক দৃশ্য ইত্যাদি গ্রহণযোগ্য হবে না। স্কুল/ কলেজের ইউনিফরম পরিহিত ছবি ব্যবহার করা যাবে না। উপরোল্লিখিত সাইজের সাথে গরমিল থাকলে কোন ছবি গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, আবেদনের সময় প্রদত্ত ছবিই পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ব্যবহার করতে হবে;
- ❖ সফটওয়্যারের সাহায্যে কোন রকম ইফেক্ট দেওয়া ছবি গ্রহণযোগ্য হবে না;
- ❖ ফটো আপলোডের সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে,
- ❖ পরবর্তীতে আবেদনকারী অন্য কোনো ইউনিটে আবেদন করলে নতুন করে আর ফটো আপলোড করতে হবে না।

ডাচ-বাংলা ব্যাংকের রকেট সার্ভিসের মাধ্যমে ফি প্রদান পদ্ধতি নিম্নরূপ:

- ❖ Step1: ডায়াল *322#;
- ❖ Step 2: 1 ডায়াল করে Payment অপশন সিলেক্ট করতে হবে;
- ❖ Step 3: 1 ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করতে হবে;
- ❖ Step 4: নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে 1 ডায়াল করে Self অপশন সিলেক্ট করতে হবে। অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে 2 ডায়াল করে Other অপশন সিলেক্ট করে Enter Payer Mobile No. এর স্থলে আবেদনকারীর মোবাইল ফোন নম্বর দিতে হবে:
- ❖ Step 5: Enter Biller ID. এর স্থলে **254** টাইপ করতে হবে;
- ❖ Step 6: Enter Bill Number এর স্থলে অবশ্যই APPLICATION ID Number-টি প্রদান করতে হবে;
- ❖ Step 7: Enter Amount --- Tk.; (এখানে প্রযোজ্য ফি-এর পরিমাণ টাইপ করুন।)
- ❖ Step 8: Enter PIN এর স্থলে Customer-এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account-এর PIN নম্বর দিতে হবে;
- ❖ Step 9: রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

(গ) 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে সরাসরি ভর্তি কমিটির সংশ্লিষ্ট ইউনিট সমন্বয়কারী বরাবর আবেদন করতে হবে। অগ্রণী ব্যাংক লিমিটেড, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে **"সমন্বয়কারী, ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯), যবিপ্রবি"**-এর নামে নির্ধারিত আবেদন ফি জমাপূর্বক ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার-এর মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

৪। ভর্তি পরীক্ষার পদ্ধতি এবং নম্বর বণ্টন:

(ক) ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে ;

(খ) ভর্তি পরীক্ষার ৮০ নম্বরের মধ্যে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে (তবে ফিজিক্যাল এজুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্স বিভাগের পদকপ্রাপ্ত খেলোয়াড়দের ক্ষেত্রে ৩০%) ;

(গ) ২০১৮ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ০২ দ্বারা এবং ২০১৭ সালে উত্তীর্ণ শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ১.৯ দ্বারা গুণ করা হবে ;

(ঘ) ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদেরকে স্ব-স্ব ইউনিট সমন্বয়কারী বরাবর ০৭/১১/২০১৮ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে;

(ঙ) বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার জন্য বিষয়ভিত্তিক নম্বর বণ্টন নিম্নরূপ:

পরীক্ষার বিষয়	ইউনিট		
	A	B	C
ইংরেজি	১০	১০	১০
পদার্থ বিজ্ঞান	২৫	২০	২৫
রসায়ন	২০	২৫	২৫
গণিত	২৫	-	২০
জীববিজ্ঞান	-	২৫	
SSC+HSC	২০	২০	২০
মোট	১০০	১০০	১০০

পরীক্ষার বিষয়	D ইউনিট
ইংরেজি	৩০
বাংলা	৩০
সাধারণ জ্ঞান	২০
SSC+HSC	২০
মোট	১০০

পরীক্ষার বিষয়	E ইউনিট
ইংরেজি	১০
বাংলা	১৫
সাধারণ জ্ঞান	৩৫
ব্যবহারিক	২০
খেলাধুলার সনদ	১০
SSC+HSC	১০
মোট	১০০

ইউনিট	বিভাগ	পরীক্ষার বিষয়-১	পরীক্ষার বিষয়-২	পরীক্ষার বিষয়-৩	SSC+HSC	মোট
F	বিজ্ঞান	৩০ (ইংরেজি)	২৫ (গণিত)	২৫ (সাধারণ জ্ঞান)	২০	১০০
	মানবিক	৩০ (ইংরেজি)	২৫ (অর্থনীতি)	২৫ (সাধারণ জ্ঞান)	২০	১০০
	ব্যবসায় শিক্ষা	৩০ (ইংরেজি)	২৫ (ব্যবসায় নীতি ও প্রয়োগ)	২৫ (হিসাববিজ্ঞান)	২০	১০০

৫। ইউনিটভিত্তিক ভর্তি পরীক্ষার সময়সূচি:

তারিখ ও বার	সময় ও ইউনিট	সময় ও ইউনিট	সময় ও ইউনিট
২২/১১/২০১৮ খ্রি. বৃহস্পতিবার	০৯:৩০-১১:০০ A	১২:৩০ - ২:০০ B	০৩:৩০- ০৫:০০ C
২৩/১১/২০১৮ খ্রি. শুক্রবার	০৯:০০ - ১০:৩০ D	১১:০০-১২:৩০ E	০৩:৩০ - ৫:০০ F

৬। ভর্তি পরীক্ষার কেন্দ্র:

ভর্তি পরীক্ষার ০৩ (তিন) দিন আগে পরীক্ষার কেন্দ্রসমূহ www.just.edu.bd এবং http://just.bigmsoft.com ওয়েবসাইট থেকে জানা যাবে।

৭। ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর করণীয়:

(ক) ভর্তি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে শিক্ষার্থীদেরকে যে সব উপকরণ সাথে আনতে হবে:

১. পাসপোর্ট সাইজের রঙিন ছবিসংযুক্ত ০২ (দুই) কপি রঙিন Admit Card;
২. এইচএসসি পরীক্ষার Admit Card এবং Registration Card;
৩. E ইউনিটের আবেদনকারীদের ক্ষেত্রে খেলাধুলার সনদ (যদি থাকে)-এর সত্যায়িত ফটোকপি অবশ্যই লিখিত পরীক্ষার সময় হলে জমা দিতে হবে।

(খ) সকল ইউনিটে ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার হলে নিম্নোক্ত বিশেষ কয়েকটি মডেলের ক্যালকুলেটর ব্যতীত সকল ধরনের ইলেকট্রনিক ডিভাইস (ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস) ব্যবহার ও বহন সম্পূর্ণ নিষিদ্ধ:
FX 100 (MS, S, V, W, Z, C, D) এবং FX 570 (MS, S, W, Z)। এই নির্দেশ অমান্যকারীকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হবে।

বি. দ্র.: কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীরা OMR শিটে কোটার জন্য নির্ধারিত বৃত্ত ভরাট করে চিহ্নিত করবেন। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করার পর উত্তীর্ণ মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তিচ্ছুদের নিকট থেকে এসএমএস/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এর মাধ্যমে কাগজপত্র আহ্বান করা হবে এবং প্রাপ্ত কাজগপত্র যাচাই-বাছাই শেষে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।

*লেদার টেকনোলজি; ফিজিক্যাল মেডিসিন, ফিজিওথেরাপি ও রিহ্যাবিলিটেশন; মার্কেটিং এবং বাংলা বিভাগ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) অনুমোদনাধীন আছে। ইউজিসির অনুমোদন সাপেক্ষে এ চারটি বিভাগে শিক্ষার্থী ভর্তি করা হবে।

৮। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, ওরিয়েন্টেশন এবং ক্লাস শুরু :

ফলাফল প্রকাশ	২৫ নভেম্বর ২০১৮ খ্রি. তারিখের মধ্যে
ভর্তি কার্যক্রম শুরু	০১ ডিসেম্বর, ২০১৮ খ্রি. তারিখ
ভর্তি কার্যক্রম সম্পন্ন	১৫ ডিসেম্বর ২০১৮ খ্রি. তারিখের মধ্যে
ওরিয়েন্টশন ও ক্লাস শুরু	০২ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখ

৯। বিশেষ নির্দেশনা:

- ভর্তি বিজ্ঞপ্তিটি মনোযোগসহকারে পড়তে হবে;
- আবেদনকারীর ছবি http://just.bigmsoft.com ওয়েবসাইটে একবার মাত্র পরিবর্তন করা যাবে;
- ভর্তি পরীক্ষার Admit Card হারিয়ে গেলে http://just.bigmsoft.com ওয়েবসাইটে গিয়ে পুনরায় প্রিন্ট করা যাবে;
- ভর্তি পরীক্ষার কেন্দ্র ভুলে গেলে www.just.edu.bd এবং http://just.bigmsoft.com ওয়েবসাইট থেকে জানা যাবে;
- ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য www.just.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

Help Line: ০১৭০৯৮১৮১৫৫, ০১৭০৯৮১৮১৫৬ ও ০১৭০৯৮১৮১৫৭ (সকাল ১০:০০ টা থেকে রাত ০৮:০০ টা পর্যন্ত Help Line খোলা থাকবে)।

(প্রকৌশলী মোঃ আহসান হাবীব)
রেজিস্ট্রার
ও
সদস্য-সচিব, ভর্তি কমিটি
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়